

# MUM'S MAGIC HANDS

## Global Storyboard



Hindustan Unilever Limited



OXFAM

## STRATEGIC BACKGROUND

Oxfam with Unilever's Chief Sustainability Office and Lifebuoy carried out extensive research on handwashing practice in emergency contexts. We found **nurture** to be one of the most powerful motivators driving handwashing with soap among mothers. Even during a crisis, mothers continue to nurture their children to ensure they go onward in life and succeed in bringing to fruition to their efforts and fulfillment to their lives. Handwashing fits into this narrative of 'nurture', leading to 'success'— not as a tool for good health, but rather as a part of a broader set of good manners like cutting nails, brushing and combing hair, honesty, hard work etc. that lead to living a good life.

**Affiliation** was also seen as a driver in emergency contexts. Mothers tend to unite together in emergencies, supporting each other and sharing resources. Other important elements for the story include the image of a dedicated spot for soap and water through very simple infrastructure, and the feeling of freshness from soap.

This central set of insights drive the creative idea shared in this presentation.

CENTRAL CREATIVE IDEA:  
'Mum's magic hands'



Hindustan Unilever Limited



OXFAM

## CENTRAL CREATIVE IDEA: 'Mum's magic hands'

Mothers all over the world over have 'magic hands'. Hands that put their children to sleep, that clean them, that help them learn to walk, that comfort their little ones by gently stroking when they are in pain. In fact, a mother's hands do not differ from place to place or country to country, they all shape the lives of their children in very similar ways.

Hands are perfect metaphors that embody the lives of mothers everywhere and their heroic efforts to nurture their children against all odds. Hands, on the other hand, are the central protagonists of handwashing with soap (HWWS). The rational arguments – of killing the germs on the hands to prevent illness, cleanliness of hands, etc. – are based on the way mothers use their hands in daily life, particularly in an emergency context and especially now during COVID-19 times.

The following story looks at the lives of 4 children: Meena from South East Asia, Miriam from the Middle East, Mimi from Africa and Maria from Latin America. It shows how their mothers' magic hands care for and nurture them during difficult times, and the universality of mothers everywhere wanting the best for their children. Meena is the main character in the story.



# 'মায়ের জাদু হাত'



Hindustan Unilever Limited



OXFAM

আমার নাম **মীনা** এবং আমার ৩ জন বন্ধু আছে যারা পৃথিবীর তিনটি  
আলাদা জায়গায় থাকে। গল্পটা বলার সাথে সাথে আমি তাদের সাথে  
তোমাদের পরিচয় করিয়ে দেব।




# ভূমিকা

## জাদু মা, জাদু হাতগুলো

আমার মা এবং আমার বন্ধুদের মায়েরা 'জাদু মা', এবং তাদের হাতগুলো 'জাদু হাত'।

তোমাদের মনে হতে পারে যে তারা অন্য সাধারণ মায়েদের মতো এবং তাদের হাতগুলোও অন্য যেকোনও হাতের মতো। তবে আমাদের কাছে এগুলো বিশাল পৃথিবীর সবচেয়ে জাদুকরী হাত।





## মায়ের হাতের জাদু

যখন আমি অস্থির থাকি তখন আমার মায়ের হাতের জাদুর পরশ আমাকে ঘুম  
পাড়ায়, আমি যখন কাঁদি তখন তারা আমার কান্না মুছিয়ে দেয় এবং আমার  
অসুস্থতার সময়ে আমাকে শান্ত করে দেয়...





## ঘুম থেকে ওঠা

সাধারণত তার হাতের নরম স্পর্শে ঘুম ভেঙে আমার দিন শুরু হয়।

কোনো কোনো দিন এই হাতগুলি আমার মুখে ও পেটে আলতো ভাবে ঘুরে বেড়ায়  
ও সুড়সুড়ি দিয়ে আমায় ঘুম থেকে তোলে, এমনই আমার মায়ের জাদু হাত।





## জাদু হাত

এ হচ্ছে মিরিয়াম, আমার মধ্য প্রাচ্যের বন্ধু।

ঘুম থেকে উঠে চোখ খুলেই সে দেখতে পায় তার বাবা সারাদিনের জন্য পানি সংগ্রহ করেছেন এবং তার মায়ের জাদু হাত ইতিমধ্যেই ঘরের মেঝে মুছে ফেলেছে।

ওই হাতগুলো প্রায় অনায়াসেই ধোয়ামোছা করে, ঝাড়ু দেয় এবং পরিষ্কার করে ও রান্নাবান্না করে। ওই জাদু হাতগুলোর নড়াচড়া দেখে সে ঘণ্টার পর ঘণ্টা কাটিয়ে দিতে পারে।





# শৌচাগার-জীবাণু-অসুস্থতা-অনুপস্থিতি-ব্যর্থতা

আমাদের সবার মতো, মিরিয়াম ঘুম থেকে উঠে টয়লেটে যায়।

টয়লেট থেকে বের হওয়া মাত্র তার মা নিশ্চিত করেন যে সে যেন তার হাত সাবান দিয়ে ধুয়ে নেয়। মিরিয়াম তার মাকে এর কারণ জিজ্ঞাসা করে এবং তার মা ব্যাখ্যা করে বলেন যে তার হাতে অদৃশ্য জীবাণু আছে যা শুধু পানি দিয়ে ধুলে দূর হয় না।

তার হাতে জীবাণু থাকা মানে সে অসুস্থ হয়ে পড়বে ও সুস্থ ভাবে বেড়ে উঠতে পারবে না এবং স্কুল খোলার পর সেখানে যেতে পারবে না।





## অনুকরণ - সাবান - সুস্বাস্ত্য - সাফল্য

তার হাতগুলো সঠিকভাবে কী করে ধোবে তা মিরিয়ামের মা তাকে দেখান (হাতের তালুর সামনে ও পিছন, আঙ্গুলের মাঝে, আঙ্গুলের ডগা এবং পুরো হাত ধোওয়া)।

- ১) পরিষ্কার পানি দিয়ে তোমার হাত ভিজানো গুরুত্বপূর্ণ
- ২) সাবান দিয়ে তোমার দু'হাত এক সাথে ঘষে ফেনা তৈরি করো
  - ৩) অন্তত ২০ সেকেন্ড ঘষো
  - ৪) তারপরে পানি দিয়ে ধোও
- ৫) এবং একটি পরিষ্কার কাপড়ে মোছো বা হাওয়ায় শুকিয়ে নাও।





## স্বাস্থ্যকর আচরণ

এ হচ্ছে **মিমি**, আমার আরেক বান্ধবী। সে থাকে আফ্রিকায়।

মিমির মা প্রতিদিন স্নান করার ওপর জোর দেন ও তাকে স্নানের জায়গায় নিয়ে যান, তার জাদু হাত দিয়ে পানি ঢালেন ও সাবান দিয়ে ঘষে দেন। সে শীঘ্রই চনমনে এবং পরিষ্কার বোধ করে।

“তুমি অবশ্যই সর্বদা দাঁত মাজবে, চুল আঁচড়াবে, তোমার শরীর পরিষ্কার করবে, নখ কাটবে এবং সব সময় মনে রাখবে টিস্যু দিয়ে তোমার নাক মুছবে এবং নিয়মিত সাবান দিয়ে হাত ধোবে। তা নাহলে তুমি কীভাবে একজন সফল, শ্রদ্ধেয় মহিলা হয়ে উঠবে?” মিমির মা জাদু হাত দিয়ে তার চুলে বিলি কাটতে কাটতে এসব কথা বলেন।





## খাওয়া + খাওয়ানো + সাবান দিয়ে হাত ধোওয়া

মিমি দেখে যে তার মা কিছু একটা খাবার তৈরি করছেন।  
সে এতই ক্ষুধার্ত যে খাবারের জন্য তার কাছে ছুটে যায়।

সে যাতে সাবান দিয়ে হাত ধুতে ভুলে না-যায়, তাই মিমির মা তাকে মনে  
করিয়ে দেন: “তুমি যদি সুস্থ ও সবল হতে চাও তাহলে তোমাকে অবশ্যই  
সাবান দিয়ে হাত ধুতে হবে”।

মিমি এবং তার মা আবার এক সাথে সাবান দিয়ে হাত ধোয়। মিমি নিজেই  
খেতে শুরু করে, তবে শীঘ্রই সে তার মাকে খাইয়ে দেওয়ার জন্য রাজি  
করিয়ে ফেলে। মায়ের জাদু হাতে খাবারের স্বাদ অনেক ভাল।





## ব্যবহারিক ভদ্রতা

মিমি ও তার মা হেঁটে বাজার থেকে ফেরে। ফেরার পথে প্রতিবেশীরা যখন মিমির পরিষ্কার পোশাকের প্রশংসা করে তখন তার মা খুশি হন। “আপনার ছোট্ট মেয়েটাকে দেখতে কত সুন্দর লাগছে। এই ধরনের পরিস্থিতি এবং এত ব্যস্ততার পরেও আপনি কীভাবে আপনার পরিবারের যত্ন নেওয়ার ব্যবস্থা করেন?” তারা মিমির মাকে জিজ্ঞাসা করেন।

মিমি বলে: “মা, দেখো, ওরা আমার পরিচ্ছন্নতার প্রশংসা করছে”। তার মা উত্তর দেন: “হ্যাঁ, অবশ্যই মা, কেবল তুমি পরিচ্ছন্ন বলে নয়, তুমি কঠোর পরিশ্রমী, তোমার স্বভাব ভালো এবং তুমি বড়দের শ্রদ্ধা করো, সেই কারণেও। আমি তোমার জন্য গর্ববোধ করি!”

মিমির মা তার জাদু হাত দিয়ে আদরের সাথে তার মাথায় হাত বুলিয়ে দেন। মিমি চোখ বন্ধ করে এবং হাসে।





## বাড়ির কাজ + সাফল্য

স্কুল এখনও খোলেনি কিন্তু আরো শেখার জন্য স্কুলে ফিরে যেতে আমি খুবই আগ্রহী! মা এবং বাবা নিশ্চিত করেন যে জীবাণুনাশক বা পরিষ্কার করার সামগ্রী দিয়ে আমার পড়ার টেবিল এবং পরিবেশ, পরিষ্কার করা হয়েছে।



## রান্না + সাবান দিয়ে হাত ধোওয়া

এ হচ্ছে আমার বান্ধবী **মারিয়া**, লাতিন আমেরিকার। এটি তার দিনের প্রিয় অংশ - তার ভাই ও বোনের সাথে আগ্নেয়াতে খেলার সময়। দৌড়াতে গিয়ে সে দেখল তার মা এবং বাবা সাবান দিয়ে হাত ধুচ্ছেন এবং রান্না শুরু করার আগে খাবার তৈরি করার জায়গাটা পরিষ্কার করছেন। তারা কখনই হাত না-ধুয়ে খাবার স্পর্শ করে না, তা খাবার প্রস্তুত করা, খাওয়া বা মারিয়ার ভাইবোনদের খাওয়ানো, যাই হোক না কেন।





## রাতের খাবার + সাবান দিয়ে হাত ধোওয়া

মারিয়া এবং ভাইবোনরা বাইরে খেলা করে ফিরে খাবার খেতে বসার আগে মনে করে সাবান দিয়ে হাত ধোয়। মারিয়া তার মাকে জানায় যে বাইরে খেলার সময় সে ভাইবোনদের যে নাস্তা দিয়েছিল, তা খাওয়ার আগে সাবান দিয়ে হাত ধুতে কীভাবে সে তাদের উদ্বুদ্ধ করেছিল।

মারিয়ার মা খুব আনন্দিত হয়ে তার পিঠ চাপড়ে দিলেন এবং বললেন যে সে খুবই ভালো মেয়ে।




## ঘুম + সাফল্য

খাওয়া শেষ করে এবং দাঁত মাজার পরে মারিয়া শুয়ে পড়ে। সে তার মাকে বলে যে, সে যা পড়েছে তা মনে রাখতে মাঝে মাঝে অসুবিধা হয়। মারিয়ার মা বলেন, মনে রাখার একটি সঠিক পদ্ধতি জানা দরকার।

উদাহরণ স্বরূপ, ২ বার সাবান দিয়ে হাত ধোওয়ার জন্য ২ আঙ্গুল: খাবার স্পর্শ করার আগে এবং টয়লেটে যাওয়ার পরে। ২ আঙ্গুল, ২ বার, মারিয়া নিজেই নিজেকে কথাটা আবার বলে। সে হাসে এবং ঘুমিয়ে পড়ে।






## বর্ণনাকারী জিজ্ঞাসা করেন:

আপনি কি জানতে চান এই মেয়েদের কী হয়েছে?

মারিয়া একজন শিক্ষিকা হয়েছে,  
মিমি আইনজীবী হয়েছে, এবং  
মিরিয়াম ইঞ্জিনিয়ার হয়েছে।  
আর মীনা, সে ডাক্তার হয়েছে ...  
সে যা বলে তা শোনো:




## ডাক্তার: জীবাণুর গল্প

আজ আমি একজন ডাক্তার!


এই গল্পে বলা বন্ধুরা ছাড়াও, আমরা যখন ছোট ছিলাম তখন আমার আরও অনেক বন্ধুবান্ধব অসুস্থ হয়ে পড়ত। আমাদের আশপাশের পরিবেশ এটাকে কঠিন করে তুলেছিল। তবে আমার জন্য নয়, কেননা আমার মা সাবান দিয়ে হাত ধোওয়ার ওপরে খুবই জোর দিতেন।

আমরা যখন শুধুমাত্র পানি দিয়ে হাত ধুই, তখন আমাদের হাতগুলো পরিষ্কার দেখায়, কিন্তু অদৃশ্য অনেক জীবাণু থেকে যায় যা আমাদের হাত থেকে আমাদের বাচ্চাদের কাছে চলে যায় এবং তাদের সংক্রমিত করে।





**WASH**



**20 SEC**

## ঘটনার পুনরাবৃত্তি

এখন, এত বছর পরে, মা ও তার জাদু হাতের সাক্ষাৎ প্রমাণ হলো আমার জীবন। তাই এই ছোট্ট বিষয়গুলোতে যত্ন সহকারে মনোযোগ দিন।

আমার মা এবং বাবার মতো, আপনিও আপনার শিশুদের ভালো আচরণ শেখান এবং তাদের সাথে ভাল ব্যক্তিগত স্বাস্থ্যবিধির চর্চা করুন। খেলা শেষ করে এবং অন্যদের সাথে মেলামেশা করার পরে তাদের সাবান দিয়ে হাত ধোওয়ার অভ্যাস হয়েছে কিনা নিশ্চিত করুন।

বিশেষত এখন কোভিড-১৯ এর সময়ে, যতটা ঘন ঘন সম্ভব এবং অন্তত ২০ সেকেন্ড ধরে এটি করতে হবে। আমাদের এখন ৪ বারের জন্য ৪টি আঙ্গুলের কথা মনে রাখতে হবে:

- ১) খাবার স্পর্শ করার আগে;
- ২) টয়লেট ব্যবহারের পরে;
- ৩) কাশি/হাঁচি দেওয়ার পরে এবং
- ৪) বাড়িতে ঢোকানোর আগে বা বাড়ির ভিতরে ঢোকানোর সঙ্গে সঙ্গে।

অন্যান্য গুরুত্বপূর্ণ সময়গুলো ভুলে যাবেন না: খাবার প্রস্তুত করার আগে, আপনার শিশুকে খাওয়ানোর আগে এবং আপনার সন্তানের মলমূত্র পরিষ্কার করার পরে। সর্বোপরি, আপনার জাদু হাতগুলোই আপনার সন্তানের ভাগ্যকে সুন্দরভাবে গড়ে তোলে।



## কোভিড ১৯ সংক্রমণ

ইনি **ডাঃ সান্তোস**, আমার যে সহকর্মীরা কোভিড ১৯ প্রতিরোধ নিয়ে কাজ করছেন, ইনি তাদের অন্যতম। তিনি জোর দিয়ে বলেছেন যে এই রোগটি ( উচ্চ তাপমাত্রার জ্বর, নতুন, ক্রমাগত কাশি , স্বাদ বা গন্ধ পাওয়ার অনুভূতি চলে যাওয়া বা তার পরিবর্তন হওয়া ইত্যাদি লক্ষণ থাকা) প্রতিরোধযোগ্য, কারণ সংক্রমিত ব্যক্তির লালা এবং শ্লেষ্মার মাধ্যমে এটির সংক্রমণ ঘটে এই সব উপায়ে:

- ১) করমর্দন;
- ২) বাতাসে ও হাতে কাশি এবং হাঁচি দেওয়া;
- ৩) দূষিত হাত দিয়ে পৃষ্ঠতল স্পর্শ করা এবং
- ৪) সংক্রমিত লোকের কাছাকাছি থাকা।






## কোভিড ১৯ প্রতিরোধ

ডাঃ সান্তোসের দেওয়া কিছু কার্যকরী প্রতিরোধ পরামর্শঃ

- ১) সাবান এবং পানি দিয়ে আপনার হাত ঘন ঘন ধোবেন;
- ২) অন্যান্য ব্যক্তিদের থেকে ২ মিটার দূরত্ব বজায় রাখুন;
- ৩) যেখানে শারীরিক দূরত্ব বজায় রাখা সম্ভব নয় সেখানে পুনরায় ব্যবহারযোগ্য মাস্ক ব্যবহার করুন এবং যদি সাবান এবং পানি সহজলভ্য না হয় তাহলে স্যানিটাইজার ব্যবহার করুন;
- ৪) কাশি এবং হাঁচি দেওয়ার সময় আপনার মুখ, কনুই বা টিস্যু দিয়ে ঢেকে নিন এবং টিস্যুটা সাথে সাথে একটা আবর্জনা রাখার পাত্রে ফেলে দিন;
- ৫) হাত না ধুয়ে নাক, চোখ এবং মুখ স্পর্শ করবেন না;
- ৬) প্রায়শই স্পর্শ করা বস্তু এবং পৃষ্ঠতলগুলোকে পরিষ্কার এবং জীবাণুমুক্ত করুন;
- ৭) করমর্দন/ আলিঙ্গন করে অন্য ব্যক্তিদের অভিবাদন জানানো বন্ধ করুন;
- ৮) প্রবীণ ও অন্যান্য অসুস্থ ব্যক্তিদের আলাদা করে রাখার ব্যবস্থা করুন ও সুরক্ষা দিন।





## সব শেষে মায়ের প্রস্থান

আমার কৃতিত্বের জন্য যখনই লোকজন আমায় অভিনন্দন জানায়, আমি সবসময় তাদের বলি যে কঠিন ও ব্যস্ত সময়গুলিতে আমার মায়ের জাদু হাতের যত্ন ও দেখাশোনা না পেলে আমি কখনোই এই জায়গায় পৌঁছতে পারতাম না। আমার মায়ের জাদু হাত আমার কাছে ভীষণ মূল্যবান ও প্রিয়।

আমার শৈশব থেকে বড় হয়ে ওঠা, এবং সব শেষে এখন একজন ডাক্তার হওয়া, এই গোটা সময়টাই তার জাদু হাত আমার যত্ন ও লালনপালন করেছে।

এখন কোভিড-১৯ এর সময় আমার সম্প্রদায়কে ভালো ব্যক্তিগত স্বাস্থ্যবিধি পালন করার পথ দেখাতে, আমার মা এবং বাবার পরামর্শ আমাকে সাহায্য করে। মনে রাখবেন ঘন ঘন আপনার হাত ২০ সেকেন্ড ধরে সাবান দিয়ে ধুয়ে নেওয়া, কাশি বা হাঁচি দেওয়ার সময় আপনার মুখ ঢেকে রাখা, প্রায়শই স্পর্শ করা হয় এরকম পৃষ্ঠতলগুলি স্পর্শ করার আগে জীবাণুনাশক দিয়ে পরিষ্কার করা, সামাজিক দূরত্ব অনুশীলন করা এবং সুস্বাস্থ্যের জন্য সুস্বাদু খাদ্য খাওয়া সুনিশ্চিত করা জরুরি।





## সমাপ্তি

এবং দেখুন মিরিয়াম, মিমি এবং মারিয়া কত সফল!

তাদের মায়েদের জাদু হাত না থাকলে আজ তারা এই জায়গায় পৌঁছতে পারত না। আমাদের মায়ের জাদু হাতগুলি আমাদের কাছে ভীষণ মূল্যবান ও প্রিয়!

এখন এই কোভিড-১৯ এর সময়ে, ভাল ব্যক্তিগত স্বাস্থ্যবিধি অনুশীলন করতে এবং সংক্রমণের বিস্তার রোধ করতে পরিবারের প্রত্যেকের সহযোগিতা প্রয়োজন।

## ধন্যবাদ

ছবি এঁকেছেন: রায়ান ভ্যান আইক  
মাইন্ডস আই ক্রিয়েটিভ, দক্ষিণ আফ্রিকা এবং সেন্টার অফ গ্র্যাভিটিকে ডিজাইনের  
ক্ষেত্রে সংযোজনের জন্য ধন্যবাদ